# পুরস্কারপ্রাপ্ত স্কুলে নেশার আসর

## প্রাচীর না থাকায় নিরাপত্তা নিয়ে উঠছে প্রশ্ন

অমৃতা দে

**দিনহাটা, ১১ সেপ্টেম্বর :** দিনহাটা-১ ব্লকের সিঙ্গিমারি গভর্নমেন্ট প্রাইমারি স্কুলের জন্য একসময় গর্ব করতেন এলাকাবাসী। মাত্র দু'বছর আগে এই স্কুল 'নির্মল বিদ্যালয় পুরস্কার' পেয়েছিল। কিন্তু আজ সেই স্কুলকে ঘিরে তৈরি হয়েছে গভীর উদ্বেগ। প্রাচীর না থাকার কারণে দিনের শেষে এটি পরিণত হচ্ছে সমাজবিরোধীদের আড্ডাখানায়। এতে স্কুলের ভাবমূর্তি যেমন ক্ষতিগ্রস্ত হচ্ছে, তেমনি পড়ুয়াদের নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠছে।

স্থানীয়দের অভিযোগ, স্কুল প্রাঙ্গণ সহ মিড-ডে মিলের খোলা ঘরে সন্ধ্যা নামতেই শুরু হয়ে যায় অসামাজিক কাজকর্ম। চলে নেশা, তাস, জুয়ার আসর। আসরে যোগদানকারীদের অশ্লীল ভাষা ও আচরণের কারণে এলাকার পরিবারগুলি ভীত ও ক্ষুব্ধ। স্থানীয় বাসিন্দা শাহিদা খাতুন বলেন, 'স্কুল থেকে শিক্ষকরা বেরিয়ে গেলেই দূরদূরান্ত থেকে সমাজবিরোধীরা চলে আসে প্রাঙ্গণে। তারপর চলে উচ্ছৃঙ্খলতা।'



উন্মুক্ত সিঙ্গিমারি গভর্নমেন্ট প্রাইমারি স্কুল প্রাঙ্গণ।

প্রধান শিক্ষক সুজন বর্মন সরাসরি দায়ী করেছেন প্রাচীর না থাকার সমস্যাকে। তিনি বলেন, 'আমরা পড়াশোনা ঠিকমতো চালিয়ে যাচ্ছি। কিন্তু প্রাচীর না থাকায় স্কুলের সম্পত্তি রক্ষা করা যাচ্ছে না। প্রতিদিনই কিছু না কিছু ভাঙচুর বা নোংরা করা হচ্ছে। বারবার প্রশাসনকে জানিয়েছি। কিন্তু কোনও উদ্যোগ নেওয়া হয়নি।'

বর্তমানে ওই স্কুলের ছাত্রছাত্রী ১৩৩ জন। শিক্ষক রয়েছেন ৫ জন। খুব সুন্দরভাবে স্কুলটি একসময় সাজানো ছিল। পরিচ্ছন্নতা ছিল বলেই নির্মল বিদ্যালয় পুরস্কার পেয়েছিল। কিন্তু বর্তমানে সকালে স্কুলে এসেই শিক্ষকদের নজরে আসে মদের বোতল, ফেলে যাওয়া তাস ইত্যাদি। সেগুলো পরিষ্কার করার পর ক্লাস শুরু হয়। স্থানীয় বাসিন্দা আসমা বিবির কথায়, 'স্কুলের চারপাশ উন্মুক্ত থাকায় বাইরের মানুষ অবাধে প্রবেশ করতে পারে। রাতে স্কুল প্রাঙ্গণে জড়ো হয় নেশাগ্রস্তরা। নোংরা করে যায় মিড-ডে মিল খাবারের জায়গা। সেখানে বাচ্চারা খেতে আপত্তি করে।'

এলাকাবাসীর দাবি, স্কুলের চারদিকে দ্রুত প্রাচীর নির্মাণ করতে হবে। পাশাপাশি আলো এবং সিসিটিভি ক্যামেরার ব্যবস্থা করতে হবে। প্রাচীর নির্মাণের জন্য শিক্ষা দপ্তরের হস্তক্ষেপ দাবি করেছেন অভিভাবকরা।

### অভিযোগ

দু'বছর আগে সিঙ্গিমারি গভর্নমেন্ট প্রাইমারি স্কুল নির্মল বিদ্যালয় পুরস্কার পেয়েছিল

এখন স্কুল প্রাঙ্গণ সহ মিড-ডে মিলের খোলা ঘরে সন্ধ্যা নামতেই নেশা, তাস, জুয়ার আসর বসে

নেশাখোরদের অশ্লীল ভাষা ও আচরণের কারণে এলাকাবাসী ভীত ও ক্ষুব্ধ

“ প্রাচীর না থাকায় স্কুলের সম্পত্তি রক্ষা করা যাচ্ছে না। প্রতিদিনই কিছু না কিছু ভাঙচুর বা নোংরা করা হচ্ছে। বারবার প্রশাসনকে জানিয়েছি। কিন্তু কোনও উদ্যোগ নেওয়া হয়নি।

**সুজন বর্মন** *প্রধান শিক্ষক*



চিলাপাতার জঙ্গলের মাঝে গড়ের অংশ। -ফাইল চিত্র

# গড়ের নামে রাজনীতি চিলাপাতায়

অভিজিৎ ঘোষ

**আলিপুরদুয়ার, ১১ সেপ্টেম্বর :** দিন তিনেক আগে অবধিও ছিল চিলাপাতার নলরাজার গড়। এখন সেটাই হয়ে গিয়েছে চিলাপাতার নরনারায়ণের গড়। চলতি সপ্তাহে আলিপুরদুয়ার জেলার প্রশাসনিক ভবন ডুয়ার্সকন্যায় এক প্রশাসনিক বৈঠকে ওই সিদ্ধান্ত হয়। তবে নামবদল ও স্বীকৃতির দাবি আগেই তুলেছিলেন জিসিপিএ'র বংশীবদন বর্মনরা। প্রশাসনের সেই বৈঠকে

**আলিপুরদুয়ার**

বিশেষজ্ঞদের সঙ্গে হাজির ছিলেন বংশীও। সেই নাম পরিবর্তনের পর থেকে জেলায় রাজনৈতিক মহলের পাশাপাশি ইতিহাস ওয়াকিবহাল মহলেও শুরু হয়েছে চর্চা। কেউ বলছেন, নামবদলের সিদ্ধান্ত ঠিক না। কেউ বলছেন, এই সিদ্ধান্ত পুরোপুরি রাজনৈতিক।

গড়ের নাম পরিবর্তন করা নিয়ে বিরোধী রাজনৈতিক দলগুলো সরাসরি আক্রমণ করছে শাসকদল তৃণমূলকে। সবথেকে বেশি সরব তো হয়েছে বিজেপি। এই নিয়ে বিজেপির জেলা সভাপতি মিঠু দাস বলেন, 'নলরাজার গড়ের ইতিহাস অনেক পুরোনো। হঠাৎ সেটার নাম পরিবর্তন করার কোনও ঐতিহাসিক কারণ নেই। এটার একটাই কারণ। সেটা হল রাজবংশীদের খুশি করে তাঁদের ভোট নেওয়া। তবে রাজবংশীরা তৃণমূলকে ভোট দেবেন না তারা যাই করুক না কেন।'

যদিও তৃণমূল নেতারা বলছেন, এই বিষয়টির সঙ্গে রাজনীতির কোনও যোগ নেই। তৃণমূলের এসসি-এসটি সেলের জেলা সভাপতি তথা রাজবংশী কালচারাল অ্যাকাডেমির একজিকিউটিভ কমিটির সদস্য পীযূষকান্তি রায়ের মতে, 'মুখ্যমন্ত্রীর নির্দেশে ওই গড়ের নাম নিয়ে আলোচনার জন্য যে বৈঠক হয় সেখানে নাম ঠিক হয় সবার মতামত নিয়ে। এটা প্রশাসনিক বিষয়। এখানে রাজনীতির বিষয় নেই।'

একদিকে যখন চিলাপাতার ওই গড় নিয়ে রাজনীতির আলোচনা চলছে, তখন এইভাবে গড়ের নাম পরিবর্তন করা নিয়ে অনেক ইতিহাসবিদই নাখুশ। সোশ্যাল মিডিয়াতেও চলছে লেখালেখি। বিশিষ্ট ইতিহাসবিদ তথা আলিপুরদুয়ার কলেজের ইতিহাসের প্রাক্তন অধ্যাপক শৈলেন দেবনাথ বললেন, 'ষোড়শ শতাব্দীর মধ্যভাগে চিলাপাতার ওই দুর্গ নরনারায়ণের দখলে আসে। তবে তার আগে সেটা বিভিন্ন রাজার দখলে ছিল। ওর ইতিহাস আরও পুরোনো। সেসব তথ্য দেখে নাম নিয়ে চর্চা হওয়া প্রয়োজন।'

ডুয়ার্সকন্যার সেই বৈঠকে ছিলেন ইতিহাসবিদ আনন্দগোপাল ঘোষ। তিনি মনে করেন নরনারায়ণের 'নর' থেকে অপভ্রংশ হয়ে নলরাজা কথাটা এসেছে। তিনি বলেন, 'নরনারায়ণের সময় দুর্গের সংস্কার হয়। ওই সময় আরও বেশ কিছু কাজ হয়। সেজন্যই গড়ের নাম নরনারায়ণের নামে করা হয়েছে বলে সবার মত।'

## যানজট যন্ত্রণায় সমস্যায় পথচারীরা

**জামালদহ, ১১ সেপ্টেম্বর :** মেখলিগঞ্জের জামালদহ বাজারের ওপর দিয়ে গিয়েছে ভুটান রোড। যাতায়াতের ক্ষেত্রে অত্যন্ত ব্যস্ত ও গুরুত্বপূর্ণ রাস্তা এটি। কিন্তু বর্তমানে এই রাস্তায় যানজটের সমস্যায় ক্ষুব্ধ স্থানীয় ব্যবসায়ী থেকে নিত্য পথযাত্রীরা। মঙ্গলবার ও শুক্রবার হাটের দিনগুলিতে ভোগান্তি চরমে ওঠে বলে জানাচ্ছেন খোদ ব্যবসায়ীরাই। জামালদহ বাসস্ট্যান্ড থেকে সুটুঙ্গা ব্রিজ পর্যন্ত ২০০ মিটার পথ যেতে নাজেহাল হতে হয় বলেই ক্ষোভ জমছে স্থানীয় মহলেও। এবিষয়ে স্থানীয় ব্যবসায়ী পরিমল রায় বীর বলেন, 'রাস্তায় নো পার্কিং না থাকায় হাটের দিনগুলোতে টোটো, বাইকের লম্বা লাইন পড়ে যায়। এর আগে স্থানীয় সিভিক ভলান্টিয়ারদের তরফে সুপার মার্কেট থেকে যানজট নিয়ন্ত্রণের ব্যবস্থা করা হলেও বর্তমানে তা বন্ধ থাকায় এই সমস্যা হচ্ছে।' তিনি আরও জানান, রাস্তা ঠিকমতো চওড়া না হওয়ার কারণে যানজট ব্যাপক আকার ধারণ করে।

এ বিষয়ে বিধায়ক পরেশচন্দ্র অধিকারী জানান, জামালদহ থেকে উছলপুকুরি যেতে হলে হাটের দিনগুলিতে সমস্যায় পড়তে হচ্ছে। এর আগে ব্যবসায়ী সমিতি সহ মহকুমা শাসক, সকলের সঙ্গে আলোচনার পর রাস্তাটি চওড়া করা হলেও নতুন করে যানজট সমস্যায় পড়তে হচ্ছে। বিষয়টি নিয়ে আবার বসার সময় হয়েছে বলে জানিয়েছেন বিধায়ক। পাশাপাশি, তিনি বিষয়টি গুরুত্ব দিয়ে দেখার আশ্বাস দিয়েছেন।

ব্যবসায়ী সমিতির নবনিযুক্ত সভাপতি ননহে সিংহ জানান, কীভাবে টোটো সহ অন্যান্য যানবাহন নিয়ন্ত্রণ করা যায় সে বিষয়ে সবাইকে নিয়ে আলোচনা করা হবে।



ছোট তারা

তুফানগঞ্জ-২ ব্লকের ধলডাবরি হাইস্কুলের ষষ্ঠ শ্রেণির ছাত্র জিবিরাজ আর্য্য। সূক্ষ্ম কারুকার্যে পারদর্শী এই খুদে।

## শালটিয়ার ভাঙনে কৃষিজমি, বসতভিটে হারানোর আশঙ্কা

# বাঁধের দাবি কোদালখেতিতে

তাপস মালাকার

**নিশিগঞ্জ, ১১ সেপ্টেম্বর :** শালটিয়া নদীর ভাঙনে দিন-দিন হারিয়ে যাচ্ছে নিশিগঞ্জ-২ গ্রাম পঞ্চায়েতের কোদালখেতি গ্রামের কৃষিজমি ও বসতভিটে। স্থানীয় বাসিন্দাদের আশঙ্কা, যদি অবিলম্বে স্থায়ী পদক্ষেপ না করা হয়, তাহলে নদীর গতিপথ পরিবর্তন হলে বিপদ আরও বাড়বে। কোদালখেতির পাশাপাশি চান্দামারি গ্রাম পঞ্চায়েতের বালাগ্রাম, পাটছড়া ও ফলিমারি গ্রাম পঞ্চায়েত এলাকাতেও নদীর ভাঙনের সমস্যা রয়েছে। প্রশাসনের তরফে সাময়িক পরিদর্শন করা হলেও কোনও কাজ হয়নি বলেও অভিযোগ। পাথরের বাঁধ নির্মাণ ও নদীর পাড়ে গাছপালা রোপণের মতো উদ্যোগের দাবি জানিয়েছেন স্থানীয়রা। তবে প্রশাসন সমস্যা সমাধানের আশ্বাস দিয়েছে।



শালটিয়ার ভাঙনের গ্রাসে কোদালখেতি গ্রাম।

নিশিগঞ্জ-২ গ্রাম পঞ্চায়েতের প্রধান নীরেন রায় সরকার অবশ্য সমস্যার কথা স্বীকার করে নিয়েছেন। তাঁর বক্তব্য, 'কোদালখেতি এলাকায় বেশ কয়েকটি জায়গায় নদীভাঙন সমস্যা রয়েছে। ভাঙন রোধে শালটিয়া নদীতে পাড়বাঁধ নির্মাণের দাবি সেচ দপ্তরে জানানো হয়েছে।' সেচ দপ্তরের এক আধিকারিক জানিয়েছেন, শালটিয়ায় ভাঙন রোধে পাকা বাঁধের বিষয়টি সেচ দপ্তরের ওপর মহলে ইতিমধ্যে পাঠানো হয়েছে।

কোদালখেতি গ্রামের বাসিন্দা তিলোত্তমা বর্মনের অভিযোগ, 'বহুবার পাকা বাঁধ নির্মাণের আবেদন করা হলেও কোনও ফল হয়নি।' তিনি দুঃখ প্রকাশ করে বললেন, 'নদীতে অনেক কৃষিজমি চলে গিয়েছে, এখন বসতভিটে হারানোর ভয়ে দিন কাটছে।' কয়েকদিন আগে গ্রামবাসীদের একাংশ সরকারি 'পাড়ায় সমাধান' শিবিরে পাথরের বাঁধের দাবি জানিয়েছেন। কিন্তু কর্তৃপক্ষ জানিয়েছে, এই প্রকল্পে বাঁধ তৈরি সম্ভব নয়। সাময়িক ভাঙন রোধে বালির বস্তা ফেলা বা বাঁশের খাঁচা বসানোরও উদ্যোগ নেওয়া হয়নি।

তপন বর্মন নামে আরেক বাসিন্দা জানান, নদীভাঙনে শালটিয়া তাঁদের কৃষিজমি গিলে নিচ্ছে। পাকা বাঁধ নির্মাণ না হলে শেষ সম্বল এক বিঘা জমি নদীর গর্ভে চলে যাবে বলে আশঙ্কা প্রকাশ করলেন বালাগ্রামের সাহেরা বানু।

### টুকরো খবর

## অপরাধের আগে ধৃত ৭

**মাথাভাঙ্গা, ১১ সেপ্টেম্বর :** বুধবার রাত দেড়টা নাগাদ মাথাভাঙ্গা-শীতলকুচি সড়কের পচাগড় পঞ্চায়েতের বেলতলায় কয়েকজন তরুণ অপরাধমূলক কাজ করার উদ্দেশ্যে জড়ো হয়েছেন বলে পুলিশের কাছে খবর যায়। মাথাভাঙ্গা থানার পুলিশ অভিযান চালিয়ে তাঁদের গ্রেপ্তার করে। ধৃতদের নাম রথীন রায়, শিবেন রায়, মিজানুর রহমান, শুভজিৎ সরকার, পিন্টু দাস, এনামুল হক ও আলি হোসেন। ধৃতদের কাছ থেকে তালা কাটার যন্ত্রপাতি উদ্ধার হয়েছে। বৃহস্পতিবার তাঁদের মাথাভাঙ্গা আদালতে তোলা হলে জেএম ইনচার্জ রাখি জয়সওয়াল তাঁদের জামিনের আবেদন নামঞ্জুর করে পাঁচদিনের পুলিশি হেপাজতের নির্দেশ দেন।

## পুজো প্রস্তুতি

**চৌধুরীহাট, ১১ সেপ্টেম্বর :** শান্তিপূর্ণভাবে দুর্গোৎসব সম্পন্ন করতে বৃহস্পতিবার বামনহাটে একটি প্রশাসনিক বৈঠক আয়োজিত হয়। এদিন বামনহাট-১ গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে বৈঠকটি হয়। উপস্থিত ছিলেন বামনহাট-১ গ্রাম পঞ্চায়েতের প্রধান নমিতা বর্মন, বামনহাট বাজার কমিটির সম্পাদক সুব্রত সেন এবং সাহেবগঞ্জ থানার পুলিশ আধিকারিকরা। বামনহাট-১ পঞ্চায়েতের ১৫টি দুর্গাপুজো কমিটি এই বৈঠকে অংশ নেয়। পুজোর সময় যাতে কোনও বিশৃঙ্খলা না হয় এবং চাঁদা নিয়ে অশান্তি রুখতেই এই বৈঠক।

## বৈঠক

**চৌধুরীহাট, ১১ সেপ্টেম্বর :** বামনহাটকে প্লাস্টিকমুক্ত করতে বৃহস্পতিবার বামনহাট বাজার কমিটি এবং বামনহাট গ্রাম পঞ্চায়েতের মধ্যে একটি বৈঠক হয়। এদিন পঞ্চায়েত কার্যালয়ে বৈঠকটি সম্পন্ন হয়। ইতিমধ্যেই বামনহাট-১ পঞ্চায়েত নির্মল পঞ্চায়েতের স্বীকৃতি অর্জন করেছে। নমিতা বলেন, 'বামনহাটকে প্লাস্টিক মুক্ত করতে ২ অক্টোবর পর্যন্ত সময়সীমা ধার্য করা হয়েছে।'



পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com

হাসিমুখে।। আলিপুরদুয়ারের মাঝেরডাবরি টি এস্টেটে ছবিটি তুলেছেন অনুপম চৌধুরী।

## রানিরহাট বাজারের নিকাশি ব্যবস্থা সংস্কারের দাবি

শুভজিৎ বিশ্বাস

**মেখলিগঞ্জ, ১১ সেপ্টেম্বর :** নিকাশিনালা রয়েছে, তাও বৃষ্টির জল বাজারের বিভিন্ন জায়গায় জমে থাকে। দোকানের সামনেও জল জমে থাকে। ফলে ক্রেতারা সেদিকে যেতে চান না। ব্যবসায়ীরা ক্ষতির সম্মুখীন হন। তাই রানিরহাট বাজারের নিকাশি ব্যবস্থা সংস্কার করার দাবি জানিয়েছেন এলাকার ব্যবসায়ীরা। অভিযোগ, বাজার এলাকায় যাতে জল না জমে তার জন্য নিকাশিনালা তৈরি করা হলেও সঠিক পরিকল্পনার অভাবে বাজারের এই অবস্থা। রানিরহাট মাছ বাজারের বিভিন্ন জায়গায় বৃষ্টি হলে জল জমে যায়। পাশাপাশি সুপার মার্কেটে যাওয়ার রাস্তায় জল জমে থাকার ছবিটি প্রায় রোজ দেখা যায়।

**মেখলিগঞ্জ**

রানিরহাট পঞ্চায়েত এলাকার উপপ্রধান উৎপল রাউত বলেন, 'বাজার এলাকায় জল জমার যে সমস্যা রয়েছে তা সমাধানের জন্য জেলা পরিষদে হাইড্রেন তৈরির আবেদন করা হয়েছে। কিন্তু লাভ হয়নি। পঞ্চায়েতের তরফে নিকাশিনালা তৈরি করা হয়েছে। কিন্তু পঞ্চায়েতের তরফে বাজারে হাইড্রেন নির্মাণ করা সম্ভব নয়। আমরা চেষ্টা করছি দ্রুত যাতে সমস্যার সমাধান করা যায়।' মেখলিগঞ্জের মহকুমা শাসক অতনুকুমার মণ্ডল বলেন, 'এই বিষয়ে রানিরহাট পঞ্চায়েতের প্রধান ও মেখলিগঞ্জের বিডিও-র সঙ্গে কথা বলব।'

রানিরহাট বাজারের ব্যবসায়ী পরিতোষ মণ্ডল বলেন, 'বাজারের কিছু কিছু জায়গায় এমনভাবে জল জমে থাকে যে তার প্রভাব ব্যবসায় পড়ে। তাই প্রশাসনের উচিত নিকাশি ব্যবস্থা সংস্কার করা।' রানিরহাট ব্যবসায়ী সমিতির সম্পাদক মহেন্দ্র রায় এবিষয়ে বলেন, 'বাজার এলাকার নিকাশি ব্যবস্থায় সমস্যা রয়েছে। সুপার মার্কেট এলাকায় ও মাছ বাজারে অল্প বৃষ্টিতে জল জমে যায়। ফলে ক্রেতা এবং বিক্রেতা উভয়কে দুর্ভোগ পোহাতে হয়। আমরা চাই দ্রুত এই সমস্যার সমাধান করা হোক।'

# তৃণমূলের ধাঁচে বিজেপির 'নরেন্দ্র কাপ'

শিবশংকর সূত্রধর

**কোচবিহার, ১১ সেপ্টেম্বর :** কয়েক মাস আগে জেলাজুড়ে ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করেছিল তৃণমূল। এবার সেই পথে হাঁটছে বিজেপিও। জনসংযোগ বাড়াতে বৃহস্পতিবার থেকে কোচবিহারের এমজেএন স্টেডিয়ামে ফুটবল টুর্নামেন্ট শুরু করলেন বিজেপি নেতারা। তবে খেলার ব্যানারে সরাসরি দলের নাম না রেখে, 'নরেন্দ্র কাপ ফুটবল টুর্নামেন্ট' নামে প্রতিযোগিতা শুরু করেছেন তাঁরা।

বিজেপির মতে, কর্মসংস্থানের অভাবে যুবসমাজ মানসিকভাবে বিপর্যস্ত। তাই সাময়িক স্বস্তি দিতে এই খেলার আয়োজন। যদিও এ নিয়ে তৃণমূলের অভিযোগ, নতুন প্রজন্মকে মাঠমুখী করতে অনেকদিন আগে থেকেই তাঁরা খেলাধুলোর আয়োজন করছেন। এখন তাঁদেরই নকল করছে বিজেপি।

যদিও এই অভিযোগ মানতে নারাজ বিজেপির জেলা সহ সভাপতি তথা 'নরেন্দ্র কাপ'-এর আয়োজক কমিটির আহ্বায়ক বিরাজ বসু। তাঁর কথায়, 'এখানে রাজনীতির কোনও বিষয় নেই। খেলাধুলোর মাধ্যমে যে প্রতিভারা উঠে আসবে, তারা আগামীদিনে খেলাধুলোর জোরে কেন্দ্রীয় সরকারের চাকরির সুযোগ পেতে পারে। আমরা সেই পথটাই করে দিতে চাইছি।'



নরেন্দ্র কাপ ফুটবল টুর্নামেন্টের একটি মুহূর্ত।

বিজেপির আশ্বাসকে একেবারেই আমল দিতে রাজি নয় তৃণমূল। দলের জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিক বলেন, 'বিজেপির উপর থেকে মানুষের ভরসা উঠে গিয়েছে। মিথ্যে প্রতিশ্রুতি দিয়ে বিজেপি খেলা আয়োজন করার চেষ্টা করছে।'

বৃহস্পতিবার এমজেএন স্টেডিয়ামে ২৪ দলীয় ফুটবল টুর্নামেন্টের সূচনা হয়। সেখানে বিজেপির জেলা সভাপতি অভিজিৎ বর্মন, বিধায়ক মালতী রাভা সহ বিজেপির অন্যান্য জেলা নেতৃত্ব উপস্থিত ছিলেন। তাঁদের দাবি, ১১ সেপ্টেম্বর শিকাগো সম্মেলনে স্বামী বিবেকানন্দের বক্তৃতার দিনটিকে স্মরণ করেই তাঁর নামানুসারে টুর্নামেন্টের নাম করেছেন তাঁরা। ১৭ সেপ্টেম্বর পর্যন্ত এই প্রতিযোগিতা চলবে। অন্যান্য জেলাতেও এই ফুটবল প্রতিযোগিতা হচ্ছে।

## গাঁজা উদ্ধার

**সাহেবগঞ্জ, ১১ সেপ্টেম্বর :** বুধবার রাতে ভারত-বাংলাদেশ সীমান্তের সাবরি এলাকায় বিএসএফের ১৩৮ নম্বর ব্যাটালিয়নের জওয়ানরা ১০৮ কেজি গাঁজা সহ একজনকে গ্রেপ্তার করে। ধৃতের নাম মজিদুল আলি। তাঁর বাড়ি শুকারুরকুঠি এলাকায়। বিএসএফের আধিকারিকরা মজিদুলকে সাহেবগঞ্জ থানার পুলিশের হাতে তুলে দিয়েছেন।

# রোশনাইয়ে সাজবে শান্তিকুটিরের মণ্ডপ

এল এল পুজো এল

গৌরহরি দাস

**কোচবিহার, ১১ সেপ্টেম্বর :** চারদিকে রকমারি অত্যাধুনিক ঝুলন্ত কাচ ও ধাতুর মধ্যে বিভিন্ন রংয়ের আলোর রোশনাই ফুটে উঠবে। আর ওপরে কালো আকাশের মধ্যে চারদিকে তারার মতো জোনাকির আলো ঝিকমিক করবে। যা দেখে মোহিত হয়ে পড়বে দর্শক। কোচবিহার শহরের গুঞ্জবাড়ি এলাকায় তোর্ষা নদীর বাঁধের ধারে শান্তিকুটির ক্লাব ও ব্যায়ামাগারের ৬১তম দুর্গাপুজোর মণ্ডপকে এবার এমনইভাবে সাজিয়ে তোলা হবে। পুজোর থিম জ্যোতির্ময়ী। এরজন্য মেদিনীপুর থেকে আসা প্রায় ২০ জন শিল্পী গত দেড় মাস ধরে বাঁশ, কাঠ, প্লাইবোর্ড, বিভিন্ন লোহা ও মেটালের ফ্রেম দিয়ে মণ্ডপকে সাজিয়ে তুলতে অক্লান্ত পরিশ্রম করে চলেছেন। মণ্ডপের সামনে লোহা দিয়ে তৈরি নজরকাড়া গাছ থাকবে। তাতে রংবেরঙের আলো সাজানো থাকবে। ক্লাব কর্তৃপক্ষের আশা অন্যবারের মতো এবারও পুজোর ছয়-সাতদিন তাদের মণ্ডপে দর্শনার্থীদের ভিড় উপচে পড়বে। এবারের তাদের পুজোর বাজেট ২৫ লক্ষ টাকা।



শান্তিকুটির ক্লাব ও ব্যায়ামাগারে মণ্ডপসজ্জার কাজ চলছে।

মণ্ডপ তৈরি প্রসঙ্গে মেদিনীপুর থেকে আসা শিল্পী জয়ন্ত সামন্ত বলেন, 'বিভিন্ন লাইট, কাচ, প্লাইবোর্ড সহ নানা কিছু দিয়ে মণ্ডপটা সুন্দরভাবে আমরা তৈরি করছি। আশা করছি দর্শকরা দেখে মুগ্ধ হবেন।'

কোচবিহার জেলার বিশেষ করে কোচবিহার শহরের বড় দুর্গাপুজোগুলোর মধ্যে শান্তিকুটির ক্লাবের দুর্গাপুজো বরাবরই অন্যতম। এবারও তারা জ্যোতির্ময়ী থিম করে নজরকাড়া মণ্ডপ তৈরি করছেন। তবে শুধু মণ্ডপসজ্জাই নয়। মণ্ডপের পাশাপাশি থাকছে অত্যাধুনিক আলোকসজ্জা। উচ্চবালিকা স্কুলের মাঠে তৈরি হওয়া মণ্ডপ থেকে গুঞ্জবাড়ি বড় রাস্তা পর্যন্ত থাকবে অত্যাধুনিক আলোর মালার একাধিক বড় গেট। এছাড়াও মণ্ডপের সঙ্গে মিল রেখে তৈরি করা হচ্ছে প্রতিমা। প্রতিমা তৈরি করছেন কোচবিহারের বিশিষ্ট শিল্পী ভাসান পাল।

ক্লাবের যুগ্ম সম্পাদক শ্যামলেন্দু রায় বলেন, 'আমাদের পুজো এবার ৬১ বছরে পা রাখল। আমাদের এবারের থিমের নাম জ্যোতির্ময়ী। আশা করছি দর্শকদের তা খুবই ভালো লাগবে। তৃতীয়ার দিন আমাদের পুজোর উদ্বোধন হবে।' ক্লাবের কর্মকর্তারা জানিয়েছেন, পুজোর পাশাপাশি পুজো কমিটির তরফে দরিদ্রনারায়ণ সেবা, বস্ত্র বিতরণ সহ বিভিন্ন কর্মসূচি করা হবে।

# শৈশবের স্মৃতি নেতাজি স্পোর্টিংয়ে

এল এল পুজো এল

তাপস মালাকার

**নিশিগঞ্জ, ১১ সেপ্টেম্বর :** ওটিটি প্ল্যাটফর্ম আর সোশ্যাল মিডিয়ার ভিড়ে আজকের শৈশবের ছবি অনেকটাই বদলে গিয়েছে। মোবাইল গেমস, ওয়েব সিরিজ কিংবা রিলসেই তারা বেশি মগ্ন। তাই ঠাকুমার ঝুলির গল্প, সুকুমার রায়ের আবোলতাবোল কিংবা রামায়ণ-মহাভারতের কাহিনী এখন ছোটদের ধরাছোঁয়ার বাইরে। সেই হারিয়ে যাওয়া দিনের স্মৃতি ফিরিয়ে আনতেই এ বছর দুর্গাপুজোয় অভিনব থিম বেছে নিয়েছে নিশিগঞ্জ নেতাজি স্পোর্টিং ক্লাব।

ক্লাবের এবারের থিম- 'চল ফিরে দেখি শৈশব'। মণ্ডপ সাজানো হচ্ছে কচিকাঁচাদের পুরোনোদিনের খেলনা, যেমন- কাঠের ঘোড়া, লাটিম, পুতুল খেলা থেকে শুরু করে গল্প শোনার আবহ। দর্শনার্থীরা মণ্ডপে প্রবেশ করতেই ফিরে যাবেন নিজের ছোটবেলার স্মৃতিতে। শিল্পীরা মণ্ডপসজ্জায় ব্যবহার করছেন পরিবেশবান্ধব উপকরণ।

ক্লাবের পুজো কমিটির সদস্য প্রীতম মালাকার বলেন, 'আজকের শিশুরা মোবাইল ছাড়া কিছু বোঝে না। তাই আমরা ভেবেছি, আমাদের পুজোতে এমন কিছু দেখাতে হবে যা তাদের আগের দিনের সহজ-সরল আনন্দের সঙ্গে পরিচয় করিয়ে দেবে। বড়দের মনে করিয়ে দেবে তাঁদের হারানো দিন।' শিশুশিল্পীদের কণ্ঠে সুকুমার রায়ের কবিতা আবৃত্তি, ছড়ার গান বাজবে মণ্ডপে। সূচনা অনুষ্ঠানে থাকবে শিশুদের নাচ-গান।



নিশিগঞ্জ নেতাজি স্পোর্টিং ক্লাবের পুজোমণ্ডপ তৈরি হচ্ছে।

পুজো কমিটির সম্পাদক রাম মালাকারের কথায়, 'আমাদের পুজোর ৫১তম বর্ষে একদিকে যেমন শৈশবকে ফিরে দেখার পালা, অন্যদিকে এখনকার শিশুদের গল্প-খেলনার জগতে নিয়ে যাওয়ার এক আন্তরিক প্রয়াস।'

## সচেতনতামূলক প্রচার চালিয়ে নাজেহাল পুলিশ

# বাইকে আসক্তি, মৃত পড়ুয়া

**মোস্তাক মোরশেদ হোসেন ও শান্ত বর্মন**

**বীরপাড়া ও জটেশ্বর, ১১ সেপ্টেম্বর :** ফালাকাটার একটি বেসরকারি ইংরেজিমাধ্যম স্কুলের পড়ুয়া এবছর মাধ্যমিক পরীক্ষা দেওয়ার প্রস্তুতি নিচ্ছিল। বাবা মোটরবাইক ব্যবহার করতে দিতেন না। বুধবার সন্ধ্যায় বীরপাড়া চৌপথিতে গৃহশিক্ষকের বাড়ি পৌঁছে দেন মা। এদিকে পড়া শেষ হতেই ঋতম মণ্ডল (১৫) নামে বীরপাড়ার শরৎ চ্যাটার্জি কলোনির বাসিন্দা দশম শ্রেণির ওই পড়ুয়া একটি মোটরবাইক জোগাড় করে বন্ধুদের সঙ্গে জটেশ্বর পাড়ি দেয়। আরেকটি বাইকে সওয়ার হয় তার দুই বন্ধু। রাত সাড়ে ন'টা নাগাদ বীরপাড়া ফেরার পথে ১৭ নম্বর জাতীয় সড়কে তাসাটি চা বাগান এলাকায় একটি গাড়ির ধাক্কায় গুরুতর জখম হয় সে। জানান ঋতমের পড়শি এবং তৃণমূলের বুথ সভাপতি দীপক সূত্রধর। বীরপাড়া রাজ্য সাধারণ হাসপাতালে নিয়ে যাওয়ার কিছুক্ষণ পর ওই কিশোরের মৃত্যু হয়।

ফালাকাটা, বীরপাড়া, মাদারিহাটে জাতীয় সড়ক, এশিয়ান হাইওয়ে থেকে শুরু করে গলিপথেও নাবালক মোটরবাইকের দাপটে ত্রস্ত সাধারণ মানুষ। সচেতনতামূলক প্রচার অভিযান চালিয়ে নাজেহাল পুলিশ। এর আগে একাধিকবার নাবালক বাইকারদের অভিভাবকদের থানায় ডেকে সতর্ক করেছে বীরপাড়া থানার পুলিশ। তবে ছবি পালটায়নি। ঋতমের বাবা নেপাল মণ্ডল ব্যাংককর্মী। মা পাপিয়া আইসিডিএস কর্মী। ঋতমের বাবা বলছিলেন, 'আমাদের তিনটি মোটরবাইক রয়েছে। কিন্তু আমি ছেলেকে মোটরবাইক ব্যবহার করতে দিতাম না। দুর্ঘটনার পর জানতে পারি, বীরপাড়া থেকে মোটরবাইক ভাড়া করে জটেশ্বরে গিয়েছিল।' বীরপাড়ার কয়েকজন তরুণ মোটরবাইক ভাড়া দেন। জটেশ্বর ফাঁড়ি সূত্রের খবর, মোটরবাইকটি আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

ময়নাতদন্তের পর বৃহস্পতিবার বিকেলে পড়শিরা ঋতমের দেহ শ্মশানে নিয়ে যান। নেপাল-পাপিয়ার একমাত্র সন্তান ঋতম। জেলা পরিষদের প্রাক্তন সদস্যা জশিন্তা লাকড়া বলেন, 'মর্মান্তিক ঘটনা। একটা পরিবারের সর্বনাশ হয়ে গেল।' এলাকার ব্যবসায়ী আনন্দ রাঠির কথায়, 'নেপালকে দোষ দেওয়া যায় না। কারণ, তিনি ছেলেকে মোটরবাইক দেননি। সমস্যা হল, বর্তমান প্রজন্ম অভিভাবকদের কথা শুনতে চায় না।'

বৃহস্পতিবার থেকেই ঋতমের স্কুলে মাধ্যমিকের প্রিটেস্ট শুরু হয়। স্কুলেও শোকের ছায়া। অন্যদিকে প্রশ্ন বীরপাড়ায় মোটরবাইক ভাড়া দেওয়ার কারবারের অভিযোগ নিয়ে। স্থানীয়রা বলছেন, ড্রাইভিং লাইসেন্সবিহীন একটি কিশোরকে কে, কীভাবে মোটরবাইক ভাড়া দিল তা নিয়ে পুলিশ তদন্ত করুক। প্রশাসনের অনুমতি ছাড়া এভাবে মোটরবাইক ভাড়া দেওয়া যায় না। অবশ্য বীরপাড়া থানার ওসি নয়ন দাস বলেন, 'এধরনের অভিযোগ পাইনি। খোঁজ নেব।'


মৃত স্কুল পড়ুয়ার বাড়িতে পড়শিদের ভিড়।

**ঘটনাক্রম**

- ঋতম মণ্ডল (১৫) নামে দশম শ্রেণির ওই পড়ুয়া একটি মোটরবাইক জোগাড় করে জটেশ্বর পাড়ি দেয়
- আরেকটি বাইকে সওয়ার হয় তার দুই বন্ধু
- একটি গাড়ির ধাক্কায় গুরুতর জখম হয় সে
- হাসপাতালে নিয়ে যাওয়ার কিছুক্ষণ পর ওই কিশোরের মৃত্যু হয়

# ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত, ধৃত ১

**সিতাই, ১১ সেপ্টেম্বর :** গোপন সূত্রে খবর পেয়ে ইয়াবা ট্যাবলেট সহ এক মহিলাকে গ্রেপ্তার করল সিতাই থানার পুলিশ। বৃহস্পতিবার বিকেল সাড়ে ৫টা নাগাদ সিতাই ব্লকের খামার সিতাই এলাকা থেকে আলিয়া বিবি নামে ওই মহিলাকে গ্রেপ্তার করে পুলিশ। ধৃতের বাড়ি সিতাইয়ের কায়েতেরবাড়ি গ্রামে। তাঁর কাছ থেকে প্রায় ১৫০ গ্রাম ইয়াবা ট্যাবলেট উদ্ধার হয়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃত মহিলা বাড়িতে ইয়াবা ট্যাবলেট মজুত করে তা বিক্রি করতেন। বৃহস্পতিবার গ্রাহকের হাতে ইয়াবা ট্যাবলেট পৌঁছে দেওয়ার সময় পুলিশ তাঁকে পাকড়াও করে। কীভাবে ওই মহিলা পুলিশের চোখে ধুলো দিয়ে ওই কারবার চালাচ্ছিলেন তা নিয়ে প্রশ্ন উঠছে। সিতাই থানার আইসি দীপাঞ্জন দাস বলেন, 'ধৃতের বিরুদ্ধে মাদক আইনে মামলা রুজু করা হয়েছে। শুক্রবার তাঁকে দিনহাটা মহকুমা আদালতে তোলা হবে। এছাড়াও এই চক্রে আরও কেউ যুক্ত রয়েছে কি না, তা খতিয়ে দেখা হচ্ছে।'




## অবরোধ

**শামুকতলা, ১১ সেপ্টেম্বর :** আলিপুরদুয়ার জেলা বিড়ি মজদুর ইউনিয়নের ডাকে চার দফা দাবিতে বৃহস্পতিবার ভাটিবাড়ি এবং যশোডাঙ্গায় অবস্থান বিক্ষোভ ও পথ অবরোধে শামিল হলেন আন্দোলনকারীরা। ভাটিবাড়িতে ৪৫ মিনিট এবং যশোডাঙ্গায় ৩৫ মিনিট পথ অবরোধ হয়। প্রশাসন দাবি খতিয়ে দেখে ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেওয়ার আশ্বাস দিলে দুই জায়গার অবরোধ তুলে নেন আন্দোলনকারীরা। বিড়ি শ্রমিকদের ১৫ সেপ্টেম্বরের মধ্যে বোনাস প্রদান, পিএফ-এর আওতাভুক্ত করা, সপ্তাহে একদিন স্বাস্থ্য ক্যাম্প ইত্যাদি দাবি জানানো হয়েছে।

## প্রতিনিধি নির্বাচন

**শামুকতলা, ১১ সেপ্টেম্বর :** শামুকতলা সিধো কানহো কলেজের পরিচালন সমিতির শিক্ষক প্রতিনিধি নির্বিঘ্নে মনোনীত হয়ে গেলেন বৃহস্পতিবার। এর আগে শিক্ষক প্রতিনিধি নির্বাচন নিয়ে জটিলতা তৈরি হয়েছিল। কলেজ শিক্ষক সংগঠনের গোষ্ঠীকোন্দলে এবং মতানৈক্যের জেরে সভা ডেকেও সেই প্রক্রিয়া ভেস্তে যায়। শিক্ষক প্রতিনিধি হিসেবে মনোনীত হয়েছেন ডঃ রমেন্দ্রনাথ ভৌমিক, ডঃ রুমান সূত্রধর এবং রণজিৎ বিশ্বাস। অধ্যক্ষ আশুতোষ বিশ্বাস বলেন, 'সর্বসম্মতিক্রমে তিনজন অধ্যাপক কলেজের পরিচালন সমিতিতে এলেন। তাঁদের সুদক্ষ পরিচালনায় আগামীদিনে এই কলেজ উন্নতির পথে এগিয়ে যাবে।'

## বিদায় সংবর্ধনা

**ফালাকাটা, ১১ সেপ্টেম্বর :** বৃহস্পতিবার ফালাকাটা কলেজের দর্শন বিভাগের ষষ্ঠ সিমেস্টারের পড়ুয়াদের বিদায় সংবর্ধনা দেওয়া হয়। এদিন দর্শনের শ্রেণিকক্ষে অনুষ্ঠানের আয়োজন করেন পঞ্চম ও তৃতীয় সিমেস্টারের ছাত্রছাত্রীরা। টিআইসি ডঃ প্রদীপকুমার অধিকারী, প্রাক্তন অধ্যক্ষ ডঃ হীরেন্দ্রনাথ ভট্টাচার্য সহ বিভাগীয় অধ্যাপকরা উপস্থিত ছিলেন। বিদায়ি পড়ুয়াদের নানা উপহার দেওয়া হয়।

## যানজট

**ফালাকাটা, ১১ সেপ্টেম্বর :** এমনিতেই বেহাল রাস্তা, তারমধ্যে বৃহস্পতিবার দুপুরে ফালাকাটা-আলিপুরদুয়ার সড়কের দোলং ডাইভারশনে বিকল হয়ে আটকে পড়ে একটি পণ্যবোঝাই ট্রাক। এজন্য ডাইভারশনে শুরু হয় যানজট। ধীরে ধীরে অন্য যানবাহন যাতায়াত করতে থাকে। দু'ঘণ্টা পর গ্যারাজকর্মীদের এনে ট্রাকটি ঠিক করা হলে যাতায়াত স্বাভাবিক হয়।

# নিম্নমানের রাস্তার কাজের অভিযোগ

## পালটা তোলাবাজির অভিযোগ দল ও ঠিকাদারের

**রাকেশ শা**

**ঘোকসাডাঙ্গা, ১১ সেপ্টেম্বর :** একটি পাকা রাস্তার কাজ নিয়ে বৃহস্পতিবার মাথাভাঙ্গা-২ ব্লকের রুইডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের পশ্চিম ডাউয়াগুড়িতে চাঞ্চল্য ছড়াল। ওই এলাকায় উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের তরফে বরাদ্দ হওয়া প্রায় ৩ কোটি টাকায় মালেক মিয়াঁর বাড়ির সামনে থেকে বাঁধেরপাড়ে মন্টু মিয়াঁর বাড়ি পর্যন্ত রাস্তাটির কাজ শুরু হয়েছে। সেই কাজে নিম্নমানের সামগ্রী ব্যবহার করার অভিযোগ তুললেন এলাকার তৃণমূলের এক পঞ্চায়েত সদস্য মণিরুল হক। এছাড়াও তাঁর দাবি, এই কাজের কোনও বোর্ডও এলাকায় লাগানো হয়নি। এই বিষয়ে বৃহস্পতিবার মণিরুল সহ স্থানীয় বেশ কয়েকজন রাস্তার কাজের বরাতপ্রাপ্ত ঠিকাদারি সংস্থাকে ঠিক করে কাজ করার কথা বলেন। এই নিয়ে চাঞ্চল্য ছড়াতেই এলাকায় এদিন ঘোকসাডাঙ্গা থানার পুলিশ যায়। পুলিশ সাফ জানিয়েছে, কাজ বন্ধ করা যাবে না। যদি কোনও অভিযোগ থাকে তাহলে তা লিখিতভাবে জানাতে হবে। যদিও স্থানীয় তৃণমূল নেতৃত্বই ওই পঞ্চায়েত সদস্যের বিরুদ্ধে পালটা অভিযোগ করেছে।

তৃণমূল নেতৃত্বের একাংশ সূত্রে জানা গিয়েছে, ওই পঞ্চায়েত সদস্য কাজের বরাতপ্রাপ্ত ঠিকাদারের কাছে মোটা টাকা দাবি করেছিলেন। দাবি পূরণ না হওয়ায় তিনিই স্থানীয় বাসিন্দাদের নিয়ে এই কাণ্ড করেছেন বলে অভিযোগ।

এদিকে মণিরুলের নেতৃত্বে স্থানীয়দের একাংশের অভিযোগ, রাস্তার কাজের কোনও বোর্ড লাগানো হয়নি, নিম্নমানের সামগ্রী ব্যবহার করে পেভার্স ব্লক বসানো হচ্ছে। তাই তাঁরা সকলেই চান রাস্তার কাজ ঠিক করে করা হোক। মণিরুলের দাবি, 'রাস্তার কাজ নিম্নমানের হচ্ছে। তাই আমরা প্রতিবাদ করেছি। আমার বিরুদ্ধে ওঠা সব অভিযোগ মিথ্যে।'

এদিকে, ওই কাজের বরাত পাওয়া ঠিকাদার রায়গঞ্জের বাসিন্দা মিঠু রাম। তিনি বললেন, 'আমরা শিডিউল মেনে কাজ করছি। স্থানীয় পঞ্চায়েত সদস্য মণিরুল আমার কাছে মোটা টাকা দাবি করেন। তা না দেওয়ায় তিনি এখন কাজে বাধা সৃষ্টি করার জন্য এসব করছেন। আমি গোটা বিষয়টি উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের মন্ত্রী, পঞ্চায়েত সমিতির সভাপতি সহ সকলকে জানিয়েছি।' মাথাভাঙ্গা-২ পঞ্চায়েত সমিতির সভাপতি সাবলু বর্মন জানান, তিনি এই অভিযোগ পেয়েছেন। বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে। তবে এলাকার উন্নয়নের কাজে কেউ বাধা দিলে তা বরদাস্ত করা হবে না বলেও তিনি জানিয়ে দেন।

এদিকে, ঘটনাটি চাউর হতে না হতেই স্থানীয়দের মধ্যে গুঞ্জন শুরু হয়েছে। অনেকে বলছেন, এলাকার উন্নয়নে টাকা এলে নেতাদেরও পকেট ভরে। তাতে কাজ যেমনই হোক। এই নিয়ে তৃণমূলের মাথাভাঙ্গা-২ ব্লক সভাপতি খোকন দে জানান, স্থানীয় নেতৃত্ব থেকে এই অভিযোগ এসেছে। দলের জেলা নেতৃত্বকে বিষয়টি জানানো হয়েছে।



রাস্তার কাজ নিয়ে ক্ষুব্ধ পশ্চিম ডাউয়াগুড়ির বাসিন্দারা।

**যা ঘটেছে**

- একটি পাকা রাস্তার কাজ নিয়ে বৃহস্পতিবার মাথাভাঙ্গা-২ ব্লকের রুইডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের পশ্চিম ডাউয়াগুড়িতে চাঞ্চল্য ছড়াল
- মালেক মিয়াঁর বাড়ির সামনে থেকে বাঁধেরপাড়ে মন্টু মিয়াঁর বাড়ি পর্যন্ত রাস্তাটির কাজ শুরু হয়েছে
- সেই কাজে নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগ

## নাবালিকা উদ্ধার

**আলিপুরদুয়ার, ১১ সেপ্টেম্বর :** বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টা নাগাদ নিউ আলিপুরদুয়ার স্টেশনের প্ল্যাটফর্মে এক নাবালিকাকে ফুঁপিয়ে কাঁদতে দেখে আরপিএফ তাকে উদ্ধার করে। জিজ্ঞাসাবাদে নাবালিকা এক তরুণের খপ্পরে পড়ার অভিযোগ জানায়। সুযোগ বুঝে সে ট্রেন থেকে নেমে পড়েছিল। কিন্তু অচেনা জায়গায় সে কী করবে, বুঝে উঠতে পারছিল না। তাই ভয়ে কাঁদতে থাকে। আরপিএফ কর্মীরা তাকে সিডব্লিউসির হাতে তুলে দেন। সিডব্লিউসি তাকে হোমে রাখার ব্যবস্থা করেছে।





দক্ষিণ মাদারিহাট প্রভুনগরের বুদ্ধ মন্দির তৈরির কাজ চলছে।

## ইচ্ছেডানা ও বুদ্ধ মন্দিরে পুজোয় মাতবে মাদারিহাট

**নীহাররঞ্জন ঘোষ**

**মাদারিহাট, ১১ সেপ্টেম্বর :** আশ্বিনের আকাশ। যদিও মাঝেমাঝে মেঘ জমে বৃষ্টি হচ্ছে। আর কয়েকদিন পর পুজো। আর তার ব্যস্ততাও এখন অনেক। শেষমুহূর্তের কাজ চলছে। আর সেই ছবি দেখা গেল মাদারিহাটের দুটো পুজো কমিটির উদ্যোক্তাদের মধ্যে। রবীন্দ্রনগর বিবেকানন্দ ব্যায়ামাগারের দুর্গাপুজোর থিম এবার ইচ্ছেডানা। ৫৬তম বর্ষের এই পুজো মাদারিহাটের মধ্যে একটি আকর্ষণীয় পুজো হিসেবেই পরিচিত। অপরদিকে, দক্ষিণ মাদারিহাট প্রভুনগর দুর্গাপুজো এবার ৫৯তম বর্ষে। তাদের পুজোর প্যান্ডেল এবার মায়ানমারের বুদ্ধ মন্দিরের আদলে করা হচ্ছে।

রবীন্দ্রনগর বিবেকানন্দ ব্যায়ামাগারের দুর্গাপুজো কমিটির যুগ্ম সম্পাদক সতীশ মাহাতো ও প্রিয়ংকর সাহা জানালেন, এবার তাঁদের পুজোর থিম ইচ্ছেডানা। প্যান্ডেল তৈরি করা হচ্ছে বাঁশ, খড় ও মাটির হাঁড়ি দিয়ে। এগুলোর মধ্যে তৈরি করা হবে পাখির বাসা। যেখানে কৃত্রিম পাখির কলরবে মুখরিত হয়ে উঠবে পুজোর প্যান্ডেল। প্যান্ডেল তৈরি করছেন জয়দেব বিশ্বাস।

প্যান্ডেলের সঙ্গে সামঞ্জস্য রেখে প্রতিমা তৈরি করা হচ্ছে বলে জানান যুগ্ম কোষাধ্যক্ষ সঞ্জিত সাহা ও বিপ্লব সাহা। জটেশ্বরের ঝুটন পাল প্রতিমা তৈরির দায়িত্বে রয়েছেন। পুজো কমিটির সভাপতি জহরলাল সাহা বললেন, 'আলোর মাধ্যমে ফুটিয়ে তোলা হবে পাখির উড়ে যাওয়া ও ঘরে ফেরার দৃশ্য।' আলোর কাজ করছেন জীবন সাহা। পাশাপাশি পুজোর দু'দিন মিউজিক্যাল নাইট থাকবে বলে জানিয়েছেন সহ সভাপতি দেবাশিস সাহা। উদ্বোধনের দিন বস্ত্র বিতরণ হবে।

অন্যদিকে, দক্ষিণ মাদারিহাট প্রভুনগরের পুজোর প্যান্ডেল মায়ানমারের বুদ্ধ মন্দিরের আদলে তৈরি হচ্ছে বলে জানান পুজো কমিটির সম্পাদক শুভজিৎ দাস। ইতিমধ্যেই প্যান্ডেল তৈরির কাজ প্রায় অর্ধেক হয়ে গিয়েছে। তাঁদের প্যান্ডেল তৈরি করছেন শিল্পী জয়দেব বিশ্বাস।

শুভজিৎ জানান, প্রতিমা তৈরি করছেন কোচবিহারের বাপী পাল। পাশাপাশি রোশনাইয়ে ভরে উঠবে গোটা প্যান্ডেল। তৈরি করা হচ্ছে সুউচ্চ দুটি তোরণ। পুজোর দিনগুলিতে থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠান।

পুজো কমিটির সভাপতি শুভঙ্কর দাস বললেন, 'পুজোর প্যান্ডেল দেখতে প্রচুর দর্শক সমাগম এবারেও হবে। ষষ্ঠীর সন্ধ্যায় উদ্বোধন করা হবে। মহালয়ার দিনও রয়েছে নানা অনুষ্ঠান। শোভাযাত্রা বের করা হবে।'

# করোনেশন সেতুতে ছুটছে ভারী ডাম্পার


**অনুপ সাহা**

**ওদলাবাড়ি, ১১ সেপ্টেম্বর :** ডুয়ার্স ও শিলিগুড়ির মধ্যে সড়ক যোগাযোগ রক্ষা করে করোনেশন সেতু। ব্রিটিশ আমলে তৈরি সেতুটি 'বয়সের ভারে' ক্রমশ দুর্বল হয়ে পড়ছে। যে কারণে রক্ষণাবেক্ষণের দায়িত্বপ্রাপ্ত সংস্থা এনএইচ-৯ সেতুর ভারবহন ক্ষমতা সর্বাধিক ১০ টন নির্ধারিত করে দু'দিকে সাইনবোর্ড লাগিয়ে দিয়েছিল। কিন্তু তাতে কী? নিয়মকে বুড়ো আঙুল দেখিয়ে রাতে তো বটেই এমনকি দিনেও ১৭-১৮ টনের ডাম্পার দিব্যি সেতু দিয়ে যাতায়াত করছে। রাতে ডাম্পার চলাচল আরও বেড়ে যায় বলে অভিযোগ। যা সেতুটিকে আরও দুর্বল করছে।

খোঁজ নিয়ে জানা গেল, মূলত ওদলাবাড়ি গ্রাম পঞ্চায়েত এলাকার একাধিক ক্র্যাশার থেকে ১০ এমএম মাপের ভাঙা পাথর, বালি নিয়ে সেবক-রংপো রেলপ্রকল্পের কাজে সরবরাহের জন্য পাহাড়ের ডাম্পারগুলো এই পথে যাতায়াত শুরু করেছে। এলেনবাড়ি ও মংপংয়ে পুলিশের দুটো আউটপোস্ট পেরিয়ে ভারী ডাম্পারগুলো কীভাবে যাতায়াত করছে তা নিয়ে প্রশ্ন উঠছে। এলেনবাড়ি আউটপোস্ট জলপাইগুড়ি জেলা পুলিশের অধীনে। অন্যদিকে, মংপং আউটপোস্ট আবার কালিম্পং জেলার রিয়াং থানার আওতায়। রিয়াং থানার ওসি জ্যোতিকুমার সিংকে এ বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, 'করোনেশন সেতু দিয়ে ১০ টনের বেশি ওজনের যান চলাচল রুখতে নিয়মিত নজরদারি চালান মংপং আউটপোস্টের কর্মীরা। নজরদারি আরও কঠোর করা হবে।'

তিনি নিয়মিত নজরদারির কথা বললেও বাস্তবে পুলিশের নজর এড়িয়ে ১৭-১৮ টনের ডাম্পার করোনেশন সেতু দিয়ে অবাধে যাতায়াত করছে। এটা রুখতে পুলিশকে অনুরোধ করা হবে বলে এনএইচ-৯-এর নির্বাহী বাস্তুকার দেবব্রত ঠাকুর বৃহস্পতিবার জানিয়েছেন।

দেবব্রত বলছেন, 'করোনেশন সেতুর ভারবহন ক্ষমতা সর্বাধিক ১০ টন। এই নির্দেশই বলবৎ আছে।' প্রশাসন সূত্রে জানা গিয়েছে, ৬-৭ বছর আগে ওই নির্দেশ জারি হয়েছিল। শুরুর দিকে নিয়ম মেনে যান চলাচল করলেও পরবর্তীতে ছবিটা বদলাতে থাকে। ভারী যান চলাচলের কারণে বর্তমানে বিপদের মুখে দাঁড়িয়ে সেতুটি। যা উদ্বেগ বাড়িয়েছে এ পথের যাত্রীদের।


নিয়মকে বুড়ো আঙুল দেখিয়ে চলছে ডাম্পার।

# পুলিশের চোখে ধুলো দিয়ে বালি পাচার

**শামুকতলা ও কুমারগ্রাম, ১১ সেপ্টেম্বর :** অবৈধ বালি পাচার রুখতে বদ্ধপরিকর পুলিশ ও ভূমি রাজস্ব দপ্তর। তা সত্ত্বেও প্রশাসনের চোখে ধুলো দিয়ে নিত্য নতুন উপায়ে নিজেদের কার্যসিদ্ধি করে চলেছে পাচারকারীরা। একদিকে শামুকতলায় যখন বালিবোঝাই গাড়ি আটক করছে পুলিশ, সেখানেই আবার কুমারগ্রামে বালি-পাথর পাচারে পুলিশের বিরুদ্ধে নিষ্ক্রিয়তার অভিযোগও উঠছে।

বৃহস্পতিবার শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে ও শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদকের নেতৃত্বে ৩১সি জাতীয় সড়কে কাঁঠালতলা এলাকায় রায়ডাক নদী থেকে বালি তুলে গাড়িতে বোঝাই করে পাচারের সময় পাচারকারীদের প্রায় হাতেনাতে পাকড়াও করে ফেলেছিল পুলিশ। বাজেয়াপ্ত করা হয়েছে বালিবোঝাই গাড়ি। যদিও পাচারকারীদের মধ্যে কাউকে গ্রেপ্তার করা যায়নি।

শামুকতলা থানার ওসি জানিয়েছেন, আলিপুরদুয়ার জেলা পুলিশ সুপার ওয়াই রঘুবংশীর নির্দেশে বালি পাচার বন্ধ করতে লাগাতার অভিযান চলছে। তবে কাঁঠালতলা এলাকায় রাস্তায় ইনফর্মার রেখে বালি পাচারের চেষ্টা করা হচ্ছিল। ইনফর্মাররা যাতে প্রশাসনের গতিবিধি না বুঝতে পারে তাই পুলিশ এদিন অন্য একটি রাস্তা ব্যবহার করে। কিন্তু পুলিশ দেখেই পাচারকারীরা গাড়ি ফেলে পালিয়ে যায়। তাদের খোঁজে তল্লাশি চলছে।

কুমারগ্রাম ব্লকের রায়ডাক ও সংকোশ নদীর বিভিন্ন জায়গা থেকে অবৈধভাবে বালি-পাথর পাচারের বিরুদ্ধে বৃহস্পতিবার বিডিওকে অভিযোগ জানালেন কুমারগ্রাম পঞ্চায়েত সমিতির বিরোধী দলনেতা নলিত দাস। তিনি বলেন, 'চ্যাংমারি বাঁধ ও পাগলারহাট লাগোয়া রায়ডাক নদী থেকে ড্রেজিং ও পলি অপসারণের নামে অবাধে বালি-পাথর উত্তোলন এবং পাচার চলছে। কুমারগ্রাম গ্রাম পঞ্চায়েতের হলদিবাড়ি বিত্তিবাড়ি এলাকায় সংকোশ নদী থেকেও সরকারি রাজস্ব ফাঁকি দিয়ে অবৈধভাবে বালি-পাথর তুলে নিয়মবহির্ভূতভাবে প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনার রাস্তা তৈরির কাজে ব্যবহার করা হচ্ছে।'

নলিত আরও জানান, এই পাচারের জেরে নদীর গতিপথ পরিবর্তন হয়ে যাচ্ছে। এলাকাজুড়ে ভয়াবহ নদীভাঙন দেখা দিয়েছে। অথচ পুলিশ নিষ্ক্রিয়। প্রশাসনের তরফে যদি পদক্ষেপ না করা হয় তবে আগামীতে বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারিও দেন তিনি।


> সরকারি রাজস্ব ফাঁকি দিয়ে অবৈধভাবে বালি-পাথর তুলে নিয়মবহির্ভূতভাবে প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনার রাস্তা তৈরির কাজে ব্যবহার করা হচ্ছে।
>
> **নলিত দাস,** বিরোধী দলনেতা, কুমারগ্রাম পঞ্চায়েত সমিতি

## প্রচার মিছিল

**মাথাভাঙ্গা, ১১ সেপ্টেম্বর :** আগামী ২০ সেপ্টেম্বর কোচবিহার রাজবাড়ি মাঠে জনসভা করবে জিসিপিএ। বৃহস্পতিবার মাথাভাঙ্গা শহরে সেই সভাকে সফল করতে মিছিল হয়। এতে নেতৃত্ব দেন হরিপদ অধিকারী, সুবল রায়।



## ছোট্ট তারা



সারদা শিশুতীর্থের প্রথম শ্রেণির ছাত্র হিয়ানশেখর ঘোষের আবৃত্তিতে পুরস্কার রয়েছে। ছবি আঁকতে, তবলা বাজাতে এবং গান করতেও ভালোবাসে সে।



ত্রিনয়নীর চোখে চোখ মৃৎশিল্পীর। বৃহস্পতিবার কোচবিহার কুমোরটুলিতে জয়দেব দাসের তোলা ছবি।

### পুজোর মুখে দিনহাটায় আতঙ্ক

# ভোরে বোমাবাজি যৌনপল্লিতে

**প্রসেনজিৎ সাহা**

**দিনহাটা, ১১ সেপ্টেম্বর :** ক্রমে সমাজবিরোধীদের আখড়া হয়ে উঠছে দিনহাটা পুরসভার ৯ নম্বর ওয়ার্ডের যৌনপল্লি এলাকা। এর আগে গত বছর এই এলাকা থেকে পাচার হওয়া নয় নাবালিকা উদ্ধার হয়। মাত্র সপ্তাখানেক আগে হরিজনপল্লি ও যৌনপল্লির মধ্যে ফুটবল খেলাকে কেন্দ্র করে ব্যাপক সংঘর্ষ হয়। যার জেরে দু'পক্ষেরই একাধিক তরুণ আহত হন। বৃহস্পতিবার ভোরে ফের ওই এলাকায় বোমাবাজিতে আরও একবার উত্তেজনা ছড়াল। পুজোর মুখে পুর এলাকায় এই ঘটনাকে কেন্দ্র করে আতঙ্ক ছড়িয়েছে বাসিন্দাদের মধ্যে। পাশাপাশি ওই এলাকার পাশে থাকা পুজো কমিটিগুলিও এই ঘটনায় বেশ উদ্বিগ্ন।

তবে স্থানীয় কাউন্সিলার পার্থনাথ সরকার দাবি করেছেন, তাঁকে এলাকার কেউ কিছু জানায়নি। স্বভাবতই তিনি এবিষয়ে কিছু জানেন না। এসডিপিও ধীমান মিত্রও এবিষয়ে সেভাবে কিছু না জানায় কিছু বলতে চাননি। তবে প্রশ্ন উঠছে শহরের বুকে এভাবে সকালের আলো ফোটার সঙ্গে সঙ্গে কে বোমাবাজি করল? আর কোনও বাড়ি লক্ষ করে নয়, বোমা ফেলা হয়েছে রাস্তার ওপরে। স্থানীয়দের অনুমান, এলাকায় ভয়ের পরিবেশ তৈরি করতেই এই বোমাবাজি করা হয়েছে?

স্থানীয় ব্যবসায়ী বাপি খানের কথায়, 'গতকাল রাতে ব্যবসা বন্ধের পর বাড়ি ফিরে যাই। এদিন সকালে এলাকার বাসিন্দাদের কাছ থেকে ফোন মারফত জানতে পারি আমার দোকানের সামনেই বোমা ফেলা হয়েছে।' তিনি বলেন, 'কী কারণে বোমা ফেলা হল তা বুঝে উঠতে পারছি না।' গতকাল রাতে কারও সঙ্গে তাঁর কোনও সমস্যা বা বচসা হয়নি বলেও জানান।

নাম প্রকাশে অনিচ্ছুক এক মহিলার কথায়, 'ভোর পৌনে পাঁচটা নাগাদ ভয়ংকর শব্দে ঘুম ভেঙে যায়। এরপর বাইরে বেরিয়ে লক্ষ করি রাস্তার ওপর বোমার সুতলি পড়ে আছে। তবে রাস্তায় কাউকেই দেখা যায়নি।' ওই মহিলা জানান, ঘটনার পর থেকে আতঙ্কে রয়েছি। বাড়িতে বাচ্চারা রয়েছে। তারাও ভীত।' কিছুদিন আগে এলাকার সংঘর্ষের ঘটনার সঙ্গে এই ঘটনার যোগ আছে কি না সেই প্রসঙ্গে তাঁর বক্তব্য, 'যোগ থাকলে থাকতেও পারে। তবে পুলিশ বিষয়টি খতিয়ে দেখুক। এলাকার সবাই আতঙ্কে রয়েছি।'

দিন সাতেক আগে ফুটবল খেলাকে কেন্দ্র করে হরিজনপল্লির তরুণদের সঙ্গে যৌনপল্লির তরুণদের বিবাদ বাধে। যার জেরে উভয়পক্ষের ছেলেরা যেমন আহত হয়, তেমনি ভাঙচুর হয় দোকানপাটও। তার রেশ কাটতে না কাটতেই বোমাবাজির ঘটনায় এলাকায় নতুন করে চাঞ্চল্য তৈরি হয়েছে।

স্থানীয় পুজো কমিটির সদস্য শুভ্র ভৌমিকের কথায়, 'এভাবে পুজোর আগে যদি আতঙ্কের পরিবেশ তৈরি হয় তাহলে পুজোর সুস্থ পরিবেশ বিঘ্নিত হতে পারে। তাই এবিষয়ে প্রশাসনকে কড়া হতে হবে।'



এখানেই বোমা ফেটে কেঁপে ওঠে এলাকা। -সংবাদচিত্র

**পুজো নিয়ে শঙ্কা**

- দিনহাটা পুরসভার যৌনপল্লি এলাকায় ভোর পৌনে পাঁচটা নাগাদ বোমাবাজি হয়
- ভয়ংকর শব্দে এলাকাবাসীর ঘুম ভেঙে গেলে তাঁরা দেখেন রাস্তায় বোমার সুতলি পড়ে আছে
- স্থানীয়দের অনুমান, এলাকায় ভয়ের পরিবেশ তৈরি করতেই এই বোমাবাজি করা হয়েছে
- প্রশাসন কড়া না হলে পুজোর সুস্থ পরিবেশ বিঘ্নিত হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে

### জরুরি তথ্য

**ব্লাড ব্যাংক**

(বৃহস্পতিবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

**■ এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ২ |
| এ নেগেটিভ | ১ |
| বি পজিটিভ | ০ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ১ |
| এবি নেগেটিভ | ১ |
| ও পজিটিভ | ০ |
| ও নেগেটিভ | ২ |

**■ মাথাভাঙ্গা মহকুমা হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ১৩ |
| এ নেগেটিভ | ২ |
| বি পজিটিভ | ১৮ |
| বি নেগেটিভ | ২ |
| এবি পজিটিভ | ৩ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ৫১ |
| ও নেগেটিভ | ১ |

**■ দিনহাটা মহকুমা হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ৯ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ৭ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ২৫ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ৪১ |
| ও নেগেটিভ | ২ |

## নতুন গোষ্ঠী

**কোচবিহার, ১১ সেপ্টেম্বর :** রবীন্দ্র ভাবনার বিস্তৃতি চেয়ে আগামী ১৪ সেপ্টেম্বর থেকে পথ চলা শুরু করবে উত্তরবঙ্গ রবীন্দ্র পরিষদ নামে একটি গোষ্ঠী। বৃহস্পতিবার একথা জানিয়ে কোচবিহার সাহিত্যসভায় সাংবাদিক সম্মেলন করে জানান সংস্থার সম্পাদক সৈকত ভট্টাচার্য।






# মণ্ডপে আলোকচ্ছটা

এল এল পুজো এল

**দেবদর্শন চন্দ**

**কোচবিহার, ১১ সেপ্টেম্বর :** 'আলোকের ঝরনাধারা' থিমে পুজোমণ্ডপ গড়ছে শহরের ভারত ক্লাব ও ব্যায়ামাগার। এবছর তাদের পুজো ৬৭তম বর্ষে পড়েছে। বাজেট ১১ লক্ষ টাকা। পরিবেশবান্ধব উপকরণ দিয়ে মণ্ডপ তৈরি করছেন জলপাইগুড়ির ৩০ জন শিল্পী। মণ্ডপ তৈরিতে ব্যবহৃত হচ্ছে বাঁশ, কাঠ, লোহার ফ্রেম, ঝুড়ি, কাচ ইত্যাদি।

উদ্যোক্তারা জানালেন, রংবেরংয়ের অত্যাধুনিক আলো দিয়ে মণ্ডপ সাজিয়ে তোলা হবে। ভেতরে প্রবেশ করলেই চোখে পড়বে, কাচের দেওয়াল এবং আলোর ঝলকানি। কাচের দেওয়ালের ওপরে থাকবে কয়েক হাজার বাতি। মণ্ডপের সঙ্গে সামঞ্জস্য রেখে থাকবে ডাকের সাজের প্রতিমা। রাস্তাজুড়ে থাকবে অত্যাধুনিক নিয়ন আলো।

পুজো কমিটির সম্পাদক কমল মজুমদার বললেন, 'প্রতি বছরই আমাদের মণ্ডপসজ্জায় চমক থাকে। এবারেও অভিনবত্ব থাকছে। আশা করছি, পুজো দেখতে দর্শনার্থীদের ভিড় উপচে পড়বে।'

এদিন সেখানে গিয়ে দেখা গেল, লোহার ফ্রেমে কাচের দেওয়াল ও আলোর কাজ করতে ব্যস্ত শিল্পীরা। ক্লাবের মাঠে মাসখানেক ধরে মণ্ডপ নির্মাণ করছেন তাঁরা। উদ্যোক্তারা জানিয়েছেন, দর্শক টানতে মণ্ডপের বাইরে থাকবে সেলফি জোন। ভিড় সামলাতে রাখা হবে স্বেচ্ছাসেবক। অষ্টমী এবং নবমীতে প্রসাদ বিতরণ করা হবে। প্রতিবারের মতো এবারও হবে চারাগাছ এবং বস্ত্র বিতরণ কর্মসূচি। পথ নিরাপত্তার কথা মাথায় রেখে 'সেফ ড্রাইভ, সেভ লাইভ'-এর প্রচারও চলবে।

পুজো কমিটির সহ সম্পাদক কিংশুকরঞ্জন রাহা বলেছেন, 'মণ্ডপে আলোর ঝলকানি এবং মন মুগ্ধকর প্রতিমা আমাদের এবারের পুজোর মূল আকর্ষণ। পুজো উপলক্ষ্যে প্রতিবারের মতো এবারেও সামাজিক বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে।'



ভারত ক্লাব ও ব্যায়ামাগারের মণ্ডপের থিম তৈরিতে ব্যস্ত কারিগররা।

**সেলফি জোন**

- মণ্ডপ তৈরিতে ব্যবহৃত হচ্ছে বাঁশ, কাঠ, লোহার ফ্রেম, ঝুড়ি ও কাচ
- ভেতরে প্রবেশ করলেই চোখে পড়বে কাচের দেওয়াল ও আলোর ঝলকানি
- কাচের দেওয়ালের ওপরে থাকবে কয়েক হাজার বাতি
- দর্শক টানতে মণ্ডপের বাইরে থাকবে সেলফি জোন

## নালায় জঞ্জাল ফেলা রুখতে ডাস্টবিন বিলি

**মেখলিগঞ্জ, ১১ সেপ্টেম্বর :** নিকাশিনালায় আবর্জনা ফেলা রুখতে মেখলিগঞ্জ মহকুমা হাসপাতাল চত্বরের ব্যবসায়ীদের ডাস্টবিন বিলি করল মেখলিগঞ্জ পুরসভা। বৃহস্পতিবার মেখলিগঞ্জ পুরসভার চেয়ারম্যান প্রভাত পাটনি, পুরসভার ১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার কৃষ্ণা বর্মন, পুরসভার স্যানিটারি ইনস্পেক্টর সৌমেন ঘোষ সহ পুরকর্মীরা হাসপাতাল মোড় এলাকায় উপস্থিত হন। এলাকার সকল ব্যবসায়ীর হাতে ডাস্টবিন তুলে দেওয়া হয়। পাশাপাশি পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য তাঁদের সচেতনও করা হয়। পচনশীল আবর্জনা ও অপচনশীল আবর্জনা কীভাবে আলাদা করে ব্যবসায়ীরা সংগ্রহ করবেন তা বোঝাতে হ্যান্ডবিলও দেওয়া হয়েছে। পুরসভার চেয়ারম্যান বলেন, 'হাসপাতাল চত্বরে দীর্ঘদিন ধরেই ব্যবসায়ীরা নিকাশিনালায় আবর্জনা ফেলছেন এমন অভিযোগ পাচ্ছিলাম। নালা পরিষ্কার করার পরেও সমস্যা মিটছিল না। তাই পুরসভার তরফে এদিন ব্যবসায়ীদের ডাস্টবিন দেওয়া হয়েছে। পুরসভার সাফাইকর্মীরা দিনে দু'বার করে আবর্জনা সংগ্রহ করবেন।'

ডাস্টবিন পেয়ে স্বাভাবিকভাবেই খুশি ব্যবসায়ীরা। এক ব্যবসায়ী বাপ্পা অধিকারী বলেন, 'এতদিন আমরা ব্যবসায়ীরা আবর্জনা সাধারণত কার্টনে রাখতাম। উপায় না থাকলে নিকাশিনালাতেও ফেলা হত। ডাস্টবিন দেওয়ার ফলে ব্যবসায়ীরা আবর্জনা এখন সেখানেই সংগ্রহ করবেন। পুরসভা ভালো পদক্ষেপ করেছে।' আরেক ব্যবসায়ী বিমলচন্দ্র রায়ের কথায়, 'এদিন পুরসভা ডাস্টবিন দিল। এটি ভালো উদ্যোগ। এখন ব্যবসায়ীদের কাজ হবে ডাস্টবিনে আবর্জনা জমা করে রাখা ও পুরসভার সাফাইকর্মীদের হাতে তুলে দেওয়া।'

হাসপাতাল এলাকায় একাধিক চায়ের দোকান, ভাতের হোটেল গজিয়ে উঠেছে। সেইসব দোকানের আবর্জনা সংগ্রহ করে রাখার কোনও ব্যবস্থাই এতদিন ছিল না।



মাথাভাঙ্গা শহরের এই বেহাল রাস্তাগুলি পেভার্স ব্লকের রাস্তায় পরিণত হবে।

# পেভার্স ব্লকের রাস্তার প্রস্তাবে ক্ষোভ বাড়ছে

**বিশ্বজিৎ সাহা**

**মাথাভাঙ্গা, ১১ সেপ্টেম্বর :** দুর্গাপুজোর আগে শহরের রাস্তাঘাট নতুন করে তৈরি হবে, সেই আশায় বুক বেঁধেছিলেন মাথাভাঙ্গার নাগরিকরা। পুরসভার তরফে আগেই জানানো হয়েছিল, আশুতোষ রোড, বাজার রোড, ব্রজনাথ রোড সহ শহরের গুরুত্বপূর্ণ রাস্তাগুলির সংস্কারের জন্য ম্যাস্টিক অ্যাসফল্টের রাস্তার প্ল্যানের এস্টিমেট মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টে পাঠানো হয়েছে। কিন্তু পুজোর আর কয়েকদিন বাকি থাকলেও এখনও সেই পরিকল্পনার অনুমোদন মেলেনি। অর্থবরাদ্দের খবর না থাকায় পুজোর আগে নতুন করে রাস্তা তৈরির আশা কার্যত শেষ বলে ধরে নিয়েছেন শহরবাসী। খানাখন্দে ভরা রাস্তায় কখন অন্তত তাপ্পি দেওয়ার কাজ শুরু হবে, সেদিকেই তাকিয়ে আছেন সকলে।

এরই মধ্যে পরিস্থিতি আরও জটিল করেছে মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের নতুন নির্দেশ। পুরসভা জানিয়েছে, আশুতোষ রোড, বাজার রোড, ব্রজনাথ রোডের মতো গুরুত্বপূর্ণ রাস্তার ম্যাস্টিক অ্যাসফল্টের পরিকল্পনা বাতিল করে, সেগুলিকে পেভার্স ব্লকের রাস্তা হিসেবে নতুন করে প্ল্যান এস্টিমেট তৈরির নির্দেশ দেওয়া হয়েছে। সেই নির্দেশ মেনে পরিবর্তিত পরিকল্পনা ইতিমধ্যে দপ্তরে পাঠানোও হয়েছে।

**রাস্তা সংস্কারের নয়া সিদ্ধান্তে বিতর্ক**

কিন্তু এই সিদ্ধান্তে ক্ষোভ বাড়ছে বাসিন্দা থেকে শুরু করে যানবাহনচালকদের। শহরের ২ নম্বর ওয়ার্ডের মানসাই নদীর বাঁধ সংলগ্ন ও মদনমোহন ঠাকুরবাড়ি থেকে মানসাই বাঁধ পর্যন্ত ইমিগ্রেশন রোডের একাংশে গত বছর পেভার্স ব্লক বসানো হয়েছিল। স্থানীয় বাসিন্দা সুধীর রায় বললেন, 'ভারী যানবাহন না চললেও সেখানে ইতিমধ্যেই বহু ব্লক বসে গিয়েছে এবং রাস্তার দুইধারে নীচু গার্ডওয়াল থাকার কারণে দুর্ঘটনার আশঙ্কা বেড়েছে।' টোটোচালক রাকেশ বর্মনের কথায়, 'পেভার্স ব্লক বৃষ্টিতে নড়বড়ে হয়। গাড়ি চালানো কষ্টকর।'

এনিয়ে সরব হয়েছে বিরোধীরাও। বিজেপি কোচবিহার জেলা সাধারণ সম্পাদক মনোজ ঘোষের বক্তব্য, 'পেভার্স ব্লক সাধারণত গলির রাস্তায় ব্যবহৃত হয়। শহরের মূল রাস্তায় এটি করলে টেকসই হবে না। পাশাপাশি ভারী যান চলাচলের ক্ষেত্রে সমস্যা হবে।'

অন্যদিকে পুরসভার চেয়ারম্যান লক্ষপতি প্রামাণিকের কথায়, 'আমরা ম্যাস্টিক অ্যাসফল্টের রাস্তাই চেয়েছিলাম। কিন্তু মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের পরামর্শেই পেভার্স ব্লকের নতুন প্ল্যান এস্টিমেট পাঠাতে হয়েছে।'

ফলে দুর্গোৎসবের আগেই রাস্তা সংস্কারের স্বপ্ন ভেঙে গিয়ে হতাশা বাড়ছে নাগরিক মহলে। শহরের গুরুত্বপূর্ণ রাস্তাগুলির ভবিষ্যৎ কোন পথে এগোবে, এখন সেদিকেই তাকিয়ে রয়েছেন মাথাভাঙ্গাবাসী।

## দেবত্র ট্রাস্ট বোর্ডের পুজোর বাজেট বাড়ল

**কোচবিহার, ১১ সেপ্টেম্বর :** গতবারের তুলনায় বাজেট বাড়ল বড়োদেবী, মদনমোহন ঠাকুরবাড়ির কাঠামিয়া মন্দির, বাণেশ্বর, ষণ্ডেশ্বর সহ দেবত্র ট্রাস্ট বোর্ডের বিভিন্ন দুর্গাপুজোর। দেবত্র ট্রাস্ট বোর্ড সূত্রে খবর, গত বছর বড়োদেবীর পুজোর বাজেট ছিল ৪ লক্ষ ৭৩ হাজার টাকা। এই বছর তা বেড়ে হয়েছে ৪ লক্ষ ৮৫ হাজার ৬৯ টাকা। অর্থাৎ গত বছরের তুলনায় এবার বাজেট বেড়েছে প্রায় ১২ হাজার টাকা।

অপরদিকে, কোচবিহারের ঐতিহ্যবাহী মদনমোহন ঠাকুরবাড়ির কাঠামিয়া মন্দির সহ ট্রাস্টের অধীনে থাকা অন্য মন্দিরগুলির দুর্গাপুজোর মোট বাজেট গত বছর ছিল ২ লাখ ২৩ হাজার টাকা। সেখানে এই বছর তা বেড়ে হয়েছে ২ লাখ ২৯ হাজার ৮৪৬ টাকা। অর্থাৎ গতবারের থেকে প্রায় ৭ হাজার টাকা বেড়েছে।

দেবত্র ট্রাস্টের অধীনে কোচবিহার জেলায় মোট ২২টি মন্দির রয়েছে। এরমধ্যে অধিকাংশ মন্দিরেই দুর্গাপুজো হয়। তবে প্রতিমা দিয়ে পুজো হয় শুধুমাত্র কোচবিহারের ঐতিহ্যবাহী বড়োদেবীবাড়ি, মদনমোহন ঠাকুরবাড়ির কাঠামিয়া মন্দির, বাণেশ্বর ও ষণ্ডেশ্বর মন্দিরের দুর্গাপুজোয়। বাকি অন্য মন্দিরগুলিতে বিগ্রহ দিয়ে পুজো হয়। ট্রাস্ট সূত্রে খবর, পুজোর বাজেটের সিংহভাগ খরচ হয় শুধুমাত্র দেবীবাড়ি ও মদনমোহন ঠাকুরবাড়ির কাঠামিয়া মন্দিরের পুজোতেই। দুর্গাপুজোয় দেবীবাড়ি ও কাঠামিয়া এই দুটি মন্দিরেই মহিষ, পাঁঠা ও পায়রা বলি হয়। এছাড়া পুজোয় দেবীবাড়ি মন্দিরের রং বাবদ এই বছর ৩৫ হাজার ১৬৬ টাকা, প্যান্ডেল বাবদ ৫০ হাজার ৫৮৬ টাকা, বড়োদেবীর মন্দিরের ভেতরে লাইটের জন্য প্রায় ১২ হাজার টাকা খরচ ধরা হয়েছে। পাশাপাশি পুজোর জন্য শাড়ি, কাপড়, গামছা ইত্যাদি খরচ ধরা রয়েছে। তবে দেবীবাড়ি ও মদনমোহন ঠাকুরবাড়ির কাঠামিয়া মন্দির ছাড়াও গোসানিমারির কামতেশ্বরী মন্দিরের দুর্গাপুজোয় মহিষবলি হয়। তবে সেই খরচ মহকুমাগুলির পুজোর খরচের মধ্যেই ধরা রয়েছে।

এই বিষয়ে দেবত্র ট্রাস্ট বোর্ডের রাজপুরোহিত হীরেন্দ্রনাথ ভট্টাচার্য বলেন, 'প্রথা মেনে এবারও দেবত্র ট্রাস্ট বোর্ডের মন্দিরগুলিতে দুর্গাপুজো অনুষ্ঠিত হবে।'

## জেলা সম্মেলন

**তুফানগঞ্জ, ১১ সেপ্টেম্বর :** বৃহস্পতিবার সারা ভারত কৃষকসভার ২৩তম জেলা সম্মেলন হল তুফানগঞ্জে। এ উপলক্ষ্যে একটি মিছিল পুরসভার সামনে থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। এদিন কৃষকসভার এই সম্মেলনের উদ্বোধন করেন সংগঠনের কেন্দ্রীয় কমিটির সদস্য পরেশ পাল।

এছাড়া উপস্থিত ছিলেন সংগঠনের জেলা সম্পাদক তমসের আলি, জেলা সভাপতি বিপিন সিং সহ অনেকেই।

